

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) ইন্সটিটিউট অব বিজনেস অ্যান্ড ইকোনমিক রিসার্চ এবং চার্টার্ড স্কিলস যৌথভাবে পরিচালনা করতে যাচ্ছে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ইসলামিক ব্যাংকিং (পিজিডি আইবি), প্রজেক্ট ম্যানেজমেন্ট এবং কর্পোরেট গভর্নেন্স এর সার্টিফিকেট কোর্স। এই বিষয়ে সোমবার ইউআইইউ ক্যাম্পাসে ইন্সটিটিউট অব বিজনেস অ্যান্ড ইকোনমিক রিসার্চ ডিপার্টমেন্ট (আইবিইআর) এবং চার্টার্ড স্কিলস এর মধ্যে যৌথ চুক্তি (এমওইউ) স্বাক্ষরিত হয়েছে।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পক্ষ থেকে উপস্থিত ছিলেন প্রফেসর ডক্টর মফিজুর রহমান (ভাইস চ্যান্সেলর, ইউআইইউ), প্রফেসর ডক্টর কামরুজ্জামান (পরিচালক, আইবিইআর; ইউআইইউ), ডক্টর খন্দকার মাহমুদুর রহমান ও মনজুরুল হক খান প্রমুখ।

চার্টার্ড স্কিলস এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন আমিনুর রহমান, চেয়ারম্যান (এডুকেশন কমিটি), জাকারিয়া কাওসার (সিইও এবং কো-ফাউন্ডার), অ্যাডভোকেট আবরার খান তাসলিম, (চেয়ারম্যান, লিগ্যাল কমিটি), অ্যাডভোকেট আব্দুল আল হাদী (হেড অব কর্পোরেট অ্যাফেয়ার্স), আরিফুল আলম (হেড অব রিচার্চ অ্যান্ড ট্রেনিং) এবং চার্টার্ড স্কিলস এর অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

উল্লেখ্য, চার্টার্ড স্কিলস বাংলাদেশের অন্যতম একটি প্রফেশনাল স্কিলস লার্নিং প্ল্যাটফর্ম। শিক্ষিত জনবলকে আন্তর্জাতিক মানসম্মত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা ভিত্তিক বিভিন্ন প্রফেশনাল কোর্সের পাশাপাশি দক্ষ জনশক্তি কে চাকরির উপযোগী করে তোলা, কর্পোরেট প্রশিক্ষণ সহ নানা ধরনের কার্যক্রম পরিচালনা করছে তারা। প্রশিক্ষণ নেওয়ার পাশাপাশি প্রশিক্ষণ শেষে ফ্রিল্যান্সিং এর সুযোগ রয়েছে এই প্ল্যাটফর্মে। বর্তমানে চার্টার্ড স্কিলস ৫০টিরও অধিক দক্ষতা ভিত্তিক প্রফেশনাল কোর্স পরিচালনা করছে।

এরই ধারাবাহিকতায় চার্টার্ড স্কিলস শুরু করতে যাচ্ছে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ও এডভান্স স্কিলস কোর্স। আর এই প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে চার্টার্ড স্কিলস ও আই বি ইউ আর অফ ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সঙ্গে যৌথ চুক্তি সম্পন্ন করেছে।

চার্টার্ড স্কিলস এর সিইও এবং কো-ফাউন্ডার জাকারিয়া কাওসার বলেন, এই চুক্তির ফলে প্রশিক্ষণার্থীদের জন্যে দক্ষতা অর্জনের এক নতুন দ্বার উন্মোচিত হলো। ইউআইইউ এর সঙ্গে কাজ করে তরুণদের স্কিল ডেভেলপমেন্টে ভূমিকা রাখতে পেরে আমরা আনন্দিত। সংবাদ বিজ্ঞপ্তি।